গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০১.২০১৯- ৪৩

তারিখঃ ২৫ মাঘ ১৪২৫
০৭ ফেব্রুয়ারি ২০১৯

**বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট এবং এর আওতাধীন অধিদপ্তরসমূহে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, নির্দেশনা ও অনুশাসন বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৭ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, নির্দেশনা ও অনুশাসন বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০-০২-২০১৯ খ্রি: তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি ও সফট কপি (Nikosh/NikoshBan font ১৩ সাইজে) ই-মেইল (admin3@ssd.gov.bd) এবং পেনড্রাইভে প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

০৭.০২.১৯

(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব ....................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব ...................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব/উপপ্রধান......................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৯। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা ,সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১১। সহকারী সচিব......................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপিঃ

০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

## মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ডিসেম্বর ২০১৮-এর সভার কার্যবিবরণী।

সভাপতি : ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী, সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৭ জানুয়ারি ২০১৯, সকাল ১০.৩০ টায়
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা সংশ্লিষ্ট চলমান প্রকল্পসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম যথাসময়ে, সুষ্ঠু ও মানসম্মতভাবে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপস্থিত সকলকে বিশেষভাবে অনুরোধ জানান। অতপর সভাপতির নির্দেশক্রমে অধিদপ্তরওয়ারী মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয়।

২। ১১ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ২.১ | গত সভার (অক্টোবর ২০১৮) কার্যবিবরণী দৃঢ়ীকরণ | অক্টোবর ২০১৮ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | |

| আলোচ্যসূচি | | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ক্র. | অধিদপ্তরের নাম | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা | | |
| ২.২ | কারা অধিদপ্তর (প্রতিশ্রুতি) | প্রতিশ্রুতি-১: কারা কর্মচারীদের ছেলে-মেয়েদের জন্য স্কুল বাস প্রদান করা হবে, প্রয়োজনে নতুন স্কুল নির্মাণ। | • "ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরাণীগঞ্জ নির্মাণ" প্রকল্পে ২টি স্কুল বাস অন্তর্ভুক্ত আছে। অর্থ মন্ত্রণালয়ের ব্যয় মঞ্জুরি প্রাপ্তির বিষয়ে অর্থ বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-২: সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কারাগারের কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি করা। | • কারা অধিদপ্তর হতে প্রেরিত ১৩৫ জন অতিরিক্ত কর্মকর্তা/কর্মচারীর পদ সৃষ্টির প্রস্তাবের প্রেক্ষিতে গঠিত কমিটি কর্তৃক দ্রুত পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সচিবের নিকট উপস্থাপন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৩: কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। | • কেরাণীগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পটির ডিপিপি ০২-০৮-২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। প্রয়োজনীয় যোগাযোগরক্ষাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৪: কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারী ও সর্বসাধারণের জন্য ২০০-২৫০ শয্যার হাসপাতাল স্থাপন | • ০৮-০৮-২০১৮ তারিখের যাচাই কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে দ্রুত ডিপিপি পুনর্গঠন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-৫: কারারক্ষীদের বিশেষ করে মহিলা কারারক্ষীদের থাকার ভাল ব্যবস্থা করতে হবে। | • মহিলা কারারক্ষীদের আবাসন সুবিধা নিশ্চিতকল্পে নির্মাণকাজের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে কার্য সম্পন্ন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিশ্রুতি-০৬: কারাগারকে বন্দিশালা নয় শোধনাগারে পরিবর্তন করার পদক্ষেপ গ্রহণ করা হবে। | কারাগারকে বন্দিশালা নয় শোধনাগারে পরিবর্তন করার লক্ষ্যে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা:<br>• মাদকাসক্ত বন্দিদের মাঝে মাদকবিরোধী উদ্বুদ্ধকরণ সম্পর্কিত কর্মসূচি চালু করা;<br>• এ নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কেও যুক্ত করা;<br>• কারাগারকে সংশোধনাগারে পরিবর্তন করার লক্ষ্যে আরও বৃত্তিমূলক কাজের সম্প্রসারণ করা, এ জন্য প্রয়োজনীয় বাজেট সংস্থানের জন্য ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/ মাদক অনুবিভাগ |
| | | প্রতিশ্রুতি-০৭ : বন্দিদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে। | • বন্দিদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উৎপাদনমুখী বিভিন্ন প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা;<br>• ক্ষুদ্র, কুটির ও মাঝারী শিল্পের প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ অব্যাহত রাখা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ অতিরিক্ত সচিব (কারা) |
| | | প্রতিশ্রুতি-০৮ : কারাগারে নিরাপত্তামূলক ব্যবস্থা অত্যাধুনিকরণ করা হবে | আংশিক বাস্তবায়িত।<br>• ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের ৩২ কারাগারের নিরাপত্তামূলক ব্যবস্থা আধুনিকীকরণ প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা;<br>• কারা নিরাপত্তামূলক ব্যবস্থা আধুনিকীকরণের জন্য ১৫০ কোটি টাকার প্রাক্কলিত ব্যয়ে ৩৬টি কারাগারের নতুন প্রকল্পের ডিপিপি প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-০৯ : কারা কর্মকর্তা/ কর্মচারীদের বিভিন্ন ধরনের সমস্যা দূরীকরণে মর্যাদার সামঞ্জস্য খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণ করা হবে। | • কারা কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা বৃদ্ধিসহ মর্যাদা নির্ধারণ করে কারা অধিদপ্তর (কর্মকর্তা/কর্মচারী)খসড়া নিয়োগ বিধিমালা চূড়ান্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-১০ : রাজশাহীতে কারা প্রশিক্ষণ একাডেমি নির্মাণ। | • প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ ডিপিপি সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর /সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-১১: বর্তমানে ঢাকা কেন্দ্রীয় কারাগার জুন ২০১৫ এর মধ্যে কেরাণীগঞ্জে স্থানান্তর এবং ঢাকা কেন্দ্রীয় কারাভ্যন্তরে স্থাপিত বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতা কারা স্মৃতি জাদুঘর জনগণের জন্য উন্মুক্তকরণ। | • আংশিক বাস্তবায়িত।<br>• ১১-০৯-২০১৮ তারিখে প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০১-১১-২০১৮ তারিখে প্রকল্পের নির্মাণকাজের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। এক্ষণে প্রকল্প বাস্তবায়নে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর /সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-১২: বর্তমান ঢাকা কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর প্রায় ০৯ একর জমিতে জনসাধারণের জন্য মনোরম পার্ক নির্মাণ এবং ০২ একর জমিতে কারা কর্মকর্তা/ কর্মচারীগণের কল্যাণে বহুতল পার্কিং সিনেপ্লেক্স, ফুডকোর্ট, সুইমিংপুল, ফিটনেস সেন্টার, কনভেনশন সেন্টার সুবিধাসহ কারাকল্যাণ কেন্দ্র নির্মাণ। | • মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০১-১১-২০১৮ তারিখে প্রকল্পের নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। এক্ষণে প্রকল্প বাস্তবায়নে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর /সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিশ্রুতি-১৩: ঢাকায় কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠাকরণ। | • পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এলাকায় কারা অধিদপ্তরের নিজস্ব জমিতে একটি প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠার পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা; | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর |
| | | প্রতিশ্রুতি-১৪: কারা বিভাগের জনবল বৃদ্ধিকরণ। | • কারা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা চুড়ান্ত করে দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা; | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর /সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | প্রতিশ্রুতি-১৫: যথাযথ নিরাপত্তা নিশ্চিত করে কারা বন্দিদেরকে নির্দিষ্ট সময় অন্তর পরিবারের সাথে ফোনে কথা বলার সুযোগ সৃষ্টির ব্যবস্থা করা হবে। | • দেশের সকল কারাগারে মোবাইল বুথ স্থাপনের জন্য প্রকল্পটির ডিপিপি দ্রুত চূড়ান্ত করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| ২.৩ | কারা অধিদপ্তর (নির্দেশনা) | নির্দেশনা-১: বিভিন্ন মামলায় মৃত্যুদন্ড প্রদত্ত আদেশগুলো দ্রুত কার্যকর করতে উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে আলাদা সেল গঠন এবং আইন মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করা। | • উচ্চ আদালতে চলমান ডেথ রেফারেন্স এবং আপিল মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করার লক্ষ্যে নিবিড় যোগাযোগ রক্ষা করা। | সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (কারা) |
| | | নির্দেশনা-২: কেরাণীগঞ্জে কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর কারাগারের বিদ্যমান জায়গায় শীঘ্রই নতুন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে (**মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০১-১১-২০১৮ তারিখে প্রকল্পের নির্মাণকাজের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে**)। | • কেরাণীগঞ্জে কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর কারাগারের বিদ্যমান জায়গায় নতুন কর্মপরিকল্পনা অনুযায়ী প্রণীত প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা । | সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নির্দেশনা-৩ : কারাবন্দিদের মধ্যে জঙ্গি সম্পৃক্ততা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা । | • জঙ্গি সম্পৃক্ততা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক নিয়মিত প্রশিক্ষণের আয়োজন অব্যাহত রাখা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | নির্দেশনা-৪: ঢাকা কেন্দ্রীয় কারাগারের জায়গা হতে কম্বল কারখানা সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারাখানার জায়গা সম্পূর্ণ উন্মুক্ত রাখতে হবে। | • ঢাকা কেন্দ্রীয় কারাগারের জায়গা হতে কম্বল কারখানা সরানোর বিষয়ে দেওয়ানি আপিল মোকদ্দমার রায় ও ডিগ্রির বিরুদ্ধে সুপ্রিমকোর্ট এর হাইকোর্ট বিভাগে দায়েরকৃত সিভিল রিভিশন মামলার যথাযথ তদারকি করা। | সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| ২.৪ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (প্রতিশ্রুতি) | প্রতিশ্রুতি-১: মেহেরপুর জেলার মুজিবনগর ও গাংনী উপজেলায় অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপন। (গাংনী উপজেলায় অগ্নিনির্বাপণ ০১-১১-২০১৮ তারিখে মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে- বাস্তবায়িত)। | • মেহেরপুর জেলার মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের পূর্তকাজ ১৫% সম্পন্ন হয়েছে। বাস্তবায়ন সন্তোষজনক নয়। অবশিষ্ট কাজ দ্রুততার সাথে সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | • প্রতিশ্রুতি-২: সিরাজগঞ্জ জেলার চৌহালী, উপজেলায় অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপন। | • চৌহালী উপজেলার প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে জেলা প্রশাসকের সাথে যোগাযোগ অব্যাহত রাখা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | • প্রতিশ্রুতি-৩: গৌরিপুর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন । | • গৌরিপুর উপজেলার ফায়ার সার্ভিস স্টেশনটির নির্মাণকাজ দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | • প্রতিশ্রুতি-৪: সুনামগঞ্জ জেলার সকল উপজেলায় অগ্নিনির্বাপণ কেন্দ্র নির্মাণ। | • ধর্মপাশা উপজেলায় ফায়ার স্টেশনের পূর্তকাজের অগ্রগতি সন্তোষজনক নয়। ধর্মপাশা উপজেলার ফায়ার স্টেশন নির্মাণকাজ দ্রুত শেষ করা;<br>• জেলা প্রশাসক, সুনামগঞ্জের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে দোয়ারা বাজার উপজেলায় ও তাহিরপুর উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের জন্য জমি অধিগ্রহণ কাজ দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | • প্রতিশ্রুতি-৫ : বরগুনা জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নেই সে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন। | • তালতলী উপজেলায় ফায়ার স্টেশন নির্মাণের পূর্তকাজের অগ্রগতি সন্তোষজনক নয়। তালতলী ও বেতাগী উপজেলা ফায়ার স্টেশনের পূর্তকাজ দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | • প্রতিশ্রুতি-৬ : চাঁদপুর জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নেই সেসব উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন। | • চাঁদপুর জেলার মতলব উত্তর ফায়ার স্টেশনের নির্মাণকাজ দ্রুত শুরু করা;<br>• চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলায় ফায়ার স্টেশন বাস্তবায়নাধীন ২৫ প্রকল্পে অন্তর্ভুক্ত করে পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | | • প্রতিশ্রুতি-৭: কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী, ফুলবাড়ী, রাজারহাট ও রাজীবপুর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন প্রসঙ্গে। | • রাজিবপুর উপজেলায় ফায়ার স্টেশন নির্মাণকাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা;<br>• ভুরুঙ্গামারী, ফুলবাড়ী, রাজারহাট উপজেলার ফায়ার স্টেশনের ভুমি অধিগ্রহণ কার্যক্রম জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে যোগাযোগপূর্বক দ্রুত সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| ২.৫ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (নির্দেশনা) | নির্দেশনা-১: নানা রকম দুর্ঘটনা, ভূমিকম্প এবং পরিবেশ বিপর্যয়ের মত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | • মর্ডানাইজেশন অব ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স প্রকল্পের অনুমোদিত ডিপিপির নির্দেশনা মোতাবেক সরঞ্জামাদি সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান /উপপ্রধান (পরিকল্পনা কোষ) |
| | | নির্দেশনা-২: বন্যা/দুর্যোগ মোকাবেলা এবং শিক্ষার কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে পরীক্ষা-নিরীক্ষাক্রমে দুর্যোগ প্রবণ উপজেলায় স্থায়ী আশ্রয় কেন্দ্র-কাম-পরীক্ষা কেন্দ্র স্থাপন এবং একই প্রকৃতির এলাকার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের অর্গানোগ্রামে একটি ডুবুরি দল অন্তর্ভুক্তকরণ। | • নির্দেশনাটি বাস্তবায়নের জন্য সকল প্রকার উদ্যোগ গ্রহণ করা। | |
| ২.৬ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (নির্দেশনা) | নির্দেশনা-১: সোনা /মাদক/অস্ত্র/ শিশু ও মানবপাচার এর বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখা। | • স্থানীয় প্রশাসন ও পুলিশ, র‍্যাব, বিজিবির সমন্বয়ে মাদকপ্রবণ এলাকায় অভিযান পরিচালনা অব্যাহত রাখা;<br>• মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা বিষয়ে গত ৩(তিন) মাসের পরিচালিত অভিযানের সাথে বিবেচ্য মাসের অভিযানের তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক অতিরিক্ত সচিব(মাদক) কর্তৃক সভায় উপস্থাপন করা;<br>• সিসা বারসমূহে টাস্কফোর্সের অভিযান অব্যাহত রাখা এবং দৃশ্যমান অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করা; | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | • দায়েরকৃত মামলাসমূহ যথাযথভাবে তদারকিকরণ অব্যাহত রাখা;<br>• মামলার তারিখে সাক্ষী হাজির করা হচ্ছে কিনা-তা নজরদারি অব্যাহত রাখা;<br>• জব্দকৃত মালামাল সঠিকভাবে রাখা হচ্ছে কিনা, তার মনিটরিং অব্যাহত রাখা;<br>• সরকারের বিপক্ষে রায় হওয়া মামলাসমূহের মধ্যে দৈবচয়ন পদ্ধতিতে মামলার হেরে যাওয়ার কারণ অনুসন্ধান করে করণীয় ঠিক করা এবং মন্ত্রণালয়কে অবহিত করা;<br>• মাদকের ভয়াবহ ক্ষতিকর দিক সম্পর্কে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির জন্য জেলাভিত্তিক, অঞ্চলভিত্তিক বড় সমাবেশের মত কর্মসূচি গ্রহণ অব্যাহত রাখা। | |
| | | নির্দেশনা-২ :এনজিও পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাধ্যমে যাতে মাদক দ্রব্যের বিস্তার না ঘটে সেজন্য এ ধরনের প্রতিষ্ঠানগুলোকে যথাযথ নজরদারির আওতায় আনা। | • এনজিও পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখা;<br>• প্রতিমাসে কয়টি এনজিও পরিচালিত নিরাময় কেন্দ্র পরিদর্শন করা হয়েছে তার তথ্য ছকে উল্লেখপূর্বক মাসিক সভায় উপস্থাপন করা;<br>• নিরাময় কেন্দ্র প্রতিষ্ঠার জন্য বেসরকারি উদ্যোক্তাদের-কে উৎসাহ প্রদান করা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ অনুবিভাগ প্রধান(সকল)। |
| | | নির্দেশনা-৩ : ডিসি-ডিএম সভার অনুরূপ মিয়ানমারের সাথে ইয়াবাসহ অন্যান্য দ্রব্য পাচার ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে উভয় পক্ষের তৃণমূল পর্যায়ের প্রতিনিধিদের আলোচনা শুরুর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | • মিয়ানমারের সাথে ইয়াবাসহ অন্যান্য দ্রব্য পাচার ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে ডিসি-ডিএম সভা অনুষ্ঠানের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ফরিদ উদ্দিন আহমেদ চৌধুরী)
সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।